

যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৬৫৮

১/ বিবিধ

আরবী

عج حجر إلى الله تعالى فقال: إلهي وسيدي عبدتك منذ كذا وكذا سنة (وفي رواية: ألف سنة) ، ثم جعلتني في أس كنيف؟ فقال: أو ما ترضى أن عدلت بك عن مجالس القضاة؟
موضوع

أخرجه تمام الرازي في " الفوائد " (5 / 58 / 2 من مجموع الظاهرية رقم 92) ومن طريقه ابن عساكر في " تاريخه " (15 / 324 / 1 - 2) من طريق أبي معاوية عبيد الله بن محمد القري المؤدب قال مرة: حدثنا محمود بن خالد: حدثنا عمر عن الأوزاعي، ومرة قال: عبد الرحمن بن إبراهيم: حدثنا الوليد بن مسلم عن الأوزاعي عن يحيى بن أبي كثير عن أبي سلمة عن أبي هريرة مرفوعا وقال الرازي: " هذا حديث منكر، وأبو معاوية القري هذا ضعيف وكان يحدث بهذا الحديث بالإسنادين جميعا ". وأقره الشيخ أحمد بن عز الدين بن عبد السلام في " النصيحة بما أبدته القريحة " (ق 41 / 1) والحديث ذكره السيوطي في " الجامع " من رواية تمام وابن عساكر عن أبي هريرة. وتعقبه شارحه المناوي بكلام الرازي هذا، ونقل الحافظ في " اللسان " عن ابن عساكر أنه قال فيه: " كان ضعيفا

ثم رأيت السيوطي قد أورد الحديث في " نيل الأحاديث الموضوعة " (رقم 632) من رواية تمام وإنكاره للحديث. ووافقه ابن عراق فأورده في " تنزيه الشريعة " (2 / 315)

وقال: " قال الذهبي في " تلخيص الواهيات "، وابن حجر في " لسان الميزان ": هذا
موضوع

বাংলা

৬৫৮। একটি পাথর আল্লাহর নিকট চিৎকার করে বললঃ হে আমার প্রভু, হে আমার সর্দার! আমি এতো এতো (অন্য বর্ণনায় এসেছেঃ এক হাজার বছর যাবত) বছর যাবত তোমার ইবাদাত করে আসছি। অতঃপর তুমি আমাকে টয়লেটের দেয়ালে স্থান দিলে। তিনি (আল্লাহ) বললেনঃ কাযীদের মজলিসগুলো হতে তোমাকে পত্রিরাণ দিয়েছি তুমি কি তাতে সন্তুষ্ট নও?

হাদীছ জাল।

এটি তাম্মাম আর-রাযী "আল-ফাওয়ায়েদ" (৫/৫৮/২) গ্রন্থে এবং তার সূত্রে ইবনু আসাকির তার "আত-তারীখ" (১৫/৩২৪/১-২) গ্রন্থে আবু মুয়াবিয়াহ ওবায়দুল্লাহ ইবনু মুহাম্মাদ সূত্রে তিনি একবার বলেনঃ মাহমুদ ইবনু খালেদ হতে তিনি উমার হতে তিনি আওয়াঈ হতে, আরেকবার বলেনঃ আব্দুর রহমান ইবনু ইবরাহীম হতে তিনি আল-ওয়ালীদ ইবনু মুসলিম হতে তিনি আওয়াঈ হতে তিনি ইয়াহইয়া ইবনু আবী কাছীর হতে তিনি আবু সালামাহ হতে ... বর্ণনা করেছেন।

আর-রাযী বলেনঃ এ হাদীছটি মুনকার। আবু মুয়াবিয়াহ দুর্বল। তিনি একই সাথে হাদীছটি দুই সনদে বর্ণনা করতেন।

হাদীছটি সুযুতী "আল-জামে" গ্রন্থে উল্লেখ করায় তার ভাষ্যকার মানবী আল-রাযীর বক্তব্য উল্লেখ করে তার সমালোচনা করেছেন। হাফিয ইবনু হাজার ইবনু আসাকির হতে নকল করেছেন, তিনি বলেনঃ তিনি (আবু মুয়াবিয়াহ) দুর্বল ছিলেন।

অতঃপর সুযুতী হাদীছটি "যায়লুল আহাদীছিল মাওয়ুআহ" (নং ৬৩২) গ্রন্থে তাম্মামের বর্ণনায় উল্লেখ করেছেন। হাদীছটিকে তার অস্বীকার করার কথাও উল্লেখ করেছেন। ইবনু ইরাক "তানযীহশ শারীয়াহ" (২/৩১৫) গ্রন্থে তার কথার সাথে ঐকমত্য পোষণ করে বলেছেনঃ যাহাবী "তালখীসুল ওয়াহিয়াত" গ্রন্থে এবং ইবনু হাজার "লিসানুল মীযান" গ্রন্থে বলেনঃ এ হাদীছটি বানোয়াট।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=71537>